



নির্বাচন অগ্রাধিকার
অতি জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৬.১৯-২৩৭

তারিখ: ১১ বৈশাখ ১৪২৬
২৪ এপ্রিল ২০১৯

বিষয় : ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৫ মে ২০১৯ তারিখে ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। ইতঃপূর্বে অনুষ্ঠিত সিটি কর্পোরেশন নির্বাচনে যোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি যানবাহন যথা-মোটর সাইকেল, বেবী ট্যাক্সি, মাইক্রোবাস, জীপ ও পিক আপ ইত্যাদি চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে নির্বাচন কমিশন কর্তৃক ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৪ মে ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২-০০ টা হতে ০৫ মে ২০১৯ তারিখ মধ্যরাত ১২-০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

- | | | |
|-----------------------------|------------|------------|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা | (৪) জীপ | (৭) বাস |
| (২) ট্যাক্সি ক্যাব | (৫) পিক আপ | (৮) ট্রাক |
| (৩) মাইক্রোবাস | (৬) কার | (৯) টেম্পো |

২। সেই সাথে ০২ মে ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২-০০ টা হতে ০৬ মে ২০১৯ তারিখ সকাল ০৬-০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজ যেমন-এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থার প্রেক্ষিতে ময়মনসিংহ এবং ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট এলাকায় ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৪ মে ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২-০০ টা হতে ০৫ মে ২০১৯ তারিখ মধ্যরাত ১২-০০ টা পর্যন্ত উল্লিখিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ এবং সে সাথে ০২ মে ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২-০০ টা হতে ০৬ মে ২০১৯ তারিখ সকাল ০৬-০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

Email:sasemc1@gmail.com

সচিব

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭


যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৩. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাভ, ঢাকা
৪. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ
৬. উপ মহাপুলিশ পরিদর্শক, ময়মনসিংহ রেঞ্জ
৭. পরিচালক, যুগ্মসচিব (চলতি দায়িত্ব), জনসংযোগ অধিশাখা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. জেলা প্রশাসক, ময়মনসিংহ
৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল ও রিটার্নিং অফিসার, ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন
১০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১১. উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট)
১২. উপজেলা নির্বাচন কর্মকর্তা,(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা,(সংশ্লিষ্ট থানা)



(মোহাম্মদ আশফাকুর রহমান)

সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা